

ভালো-মন্দ যাই হোক, ফেসবুক বর্তমানে আমাদের অনেকেরই প্রাত্যহিক জীবনের ইন্টিগ্রেলে অংশ হয়ে উঠেছে। আমরা ফেসবুকের ওপর আস্থা রেখে পরিবার, বন্ধুসহ অন্যদের সাথে যোগাযোগ রক্ষা করে সময়ের সাথে সাথে সমানতালে চলছি। বর্তমান নিউজের সাথে সবসময় আপডেট থাকতে পারছি। শুধু তাই নয়, ফেসবুকে সবসময় আচ্ছন্ন থেকে আমাদের ব্যস্ত ও কর্মময় জীবনের মূল্যবান কর্মসময় নষ্ট করছি।

এ কথা সত্য, ফেসবুক আমাদের প্রাত্যহিক জীবনের একটি অংশ হওয়া সত্ত্বেও এমন কিছু সহায়ক টিপ ও শর্টকাট রয়েছে, যেগুলো আমাদের এখনও অজানা। অথচ এসব সহায়ক টিপ ও শর্টকাট বিশেষ বৃহত্তম সামাজিক নেটওয়ার্ক জীবনকে আরও সহজতর ও দক্ষ করে তুলতে পারে।

কমপিউটার জগৎ-এর নিয়মিত বিভাগ ইন্টারনেটে ডিসেম্বর ২০১৫ সংখ্যায় ফেসবুকপ্রেমীদের জন্য কিছু সহায়ক টিপ ও শর্টকাট তুলে ধরা হয়েছিল, যা প্রত্যেক ফেসবুক ব্যবহারকারীর জন্য থাকা উচিত। এরই ধারাবাহিকতায় এবারও ফেসবুকপ্রেমীদের জন্য আরও কিছু সহায়ক টিপ ও শর্টকাট তুলে ধরা হয়েছে।

০১. ডাউনলোড করুন আপনার ফেসবুক তথ্য : যদি আপনি আমাকে পছন্দ করেন, তাহলে আপনার ফেসবুক অ্যাকাউন্টে সারা বছরে পোস্ট করবেন অসংখ্য ছবি, নোট, মেসেজ এবং স্ট্যাটাস আপডেট। আপনি কি আপনার ডেস্কটপে একই তথ্য ডাউনলোড করতে চান? এ কাজটি যদি আপনি করতে চান, তাহলে নিচে বর্ণিত ধাপগুলো অনুসরণ করতে হবে।



উপরে জন প্রস্তুত ড্রপডাউন মেনু থেকে সেটিং মেনুতে ক্লিক করা

* আপনার ডেস্কটপে ফেসবুক অ্যাকাউন্টে লগইন করুন, ড্রিনের ওপরে ডান প্রান্তে অ্যারেতে ক্লিক করুন এবং ড্রপডাউন মেনু থেকে Settings-এ ক্লিক করুন।

* এবার পরবর্তী ড্রিনে নিচের দিকে 'Download a copy of your Facebook data' শিরোনামে টেক্সটের একটি ছোট লাইন দেখতে পাবেন। এবার Download a Copy-এ ক্লিক করে পরবর্তী ড্রিনে Start My Archive সিলেক্ট করুন। এটি আপনার ফেসবুকের সব তথ্যের জিপ ফরম্যাটে একটি আর্কাইভের ডাউনলোডের প্রবর্তন বলা যায় (ফটো অ্যালবামসহ)। আপনি ডাউনলোডটি কোথায় রাখছেন, সে ব্যাপারে সতর্ক থাকা উচিত।



বিশেষ কিছু কাজ ফেসবুকে যেভাবে করবেন

ডা. মোহাম্মদ সিয়াম মোয়াজ্জেম

০২. আপনার পোস্ট কে দেখছে তা নিয়ন্ত্রণ করুন : গোপনীয়তার জন্য আমরা কখনই চাই না যে, সবাই আমাদের পোস্ট করা সবকিছুই জানুক। তাই ফেসবুকে কারা কারা আপনার পোস্ট দেখতে পারবে ইচ্ছে করলে তা নিয়ন্ত্রণ করতে পারবেন। এজন্য নিচে বর্ণিত ধাপগুলো অনুসরণ করুন।

* স্বাভাবিকভাবে স্ট্যাটাস বক্সে আপনার পোস্ট লিখুন।

* Post-এ ক্লিক করার আগে Friends বাটন সিলেক্ট করুন। এর ফলে আবির্ভূত হওয়া ড্রপডাউন চালু থেকে আপনি ঠিক তাদেরকে

বেছে নেবেন যারা আপনার পোস্ট দেখতে পারবে। আপনি আরও বেছে নিতে পারবেন তাদেরকে, যাদেরকে আপনি চান না যে তারা আপনার পোস্ট দেখতে পাক। এজন্য Friends-এ ক্লিক করে ড্রপডাউন বক্স থেকে More সিলেক্ট করুন। এরপর Custom অপশন বেছে নিন। এবার পরবর্তী ড্রিনে আপনি নাম এন্টার করুন যার কাছে থেকে আপনার পোস্টকে হাইড করতে চান।

* যদি আপনি ফেসবুকের অ্যান্ড্রয়েড বা আইফোন ভার্সন ব্যবহার করেন, তাহলে Friends বাটনে ট্যাব করতে পারবেন। এরপর ড্রপডাউন মেনু থেকে Friends Expect অপশন সিলেক্ট করে সিদ্ধান্ত নিন কারা আপনার পোস্ট দেখতে পারবে না।

০৩. লগইন অ্যাপ্রোভাল সেটআপ করা : আমাদের ফেসবুক অ্যাকাউন্টে প্রচুর পরিমাণে ব্যক্তিগত তথ্য থাকে। দুর্ভাগ্যজনকভাবে এমন কিছু লোক আছে, যারা আপনার অ্যাকাউন্টে চুকে ব্যক্তিগত তথ্য চুরি করা ছাড়া অন্য কিছুই করে না। ভালো পাসওয়ার্ড আপনার অ্যাকাউন্ট প্রোটেক্ট করতে পারলেও সম্পূর্ণরূপে নিরাপদ নয়।

আপনার ফেসবুকের নিরাপত্তা একধাপ এগিয়ে নেয়ার জন্য এনাবল করুন Login Approvals ফিচার। এ কাজ করলে যেকোনো সময় আপনি একটি রিকোয়েস্ট পাবেন অপরিচিত ওয়েব ব্রাউজার থেকে লগইন করার জন্য। তাই নিচের বর্ণিত ধাপগুলো সম্পন্ন করুন।

* ফেসবুক অ্যাকাউন্ট সেটিংয়ে গিয়ে সিকিউরিটি সিলেক্ট করুন।

* লগইন Approvals-এর পাশের বক্স চেক করুন।

* এরপর এন্টার করুন ফোন নম্বর যার কাছে ফেসবুক অ্যাপ্রোভালের জন্য পাঠাবেন।



ফেসবুকে পোস্ট করা

* অ্যাপ্রোভাল কোড এন্টার করতে বলা হবে। এবার যথাযথ কোড এন্টার করে পরবর্তী ডায়ালগ বক্সে Continue করুন।

০৪. আপনার টাইমলাইনে কে পোস্ট করছে তা আড়াল করা : ধরুন, আপনার কোনো এক বন্ধু আপনার টাইমলাইনে কিছু পোস্ট করার চেষ্টা করছে, যা হয়তো অশালীন বা আক্রমাণাত্মক বা খোলাখুলি সন্দেহাতীতভাবে নির্বোধ। ফেসবুক অন্যরা আপনার টাইমলাইনে কী পোস্ট করছে তা নিয়ন্ত্রণ করার জন্য ফেসবুক দিয়েছে কিছু কন্ট্রোল।

* যদি আপনি কমপিউটারে থাকেন, তাহলে ফেসবুকে নেভিগেট করুন এবং উপরে ড্রিনের ডান দিকে arrow-তে ক্লিক করুন। এরপর ড্রপডাউন মেনু থেকে Settings-এ ক্লিক করুন। এবার একটি অ্যান্ড্রয়েড ডিভাইসে ফেসবুক অ্যাপ ওপেন করে More বাটনে চাপুন। More বাটনটি ওপরে ড্রিনে ডান পাশে রয়েছে। এবার Account Settings সিলেক্ট করুন। যদি আপনি আইকন ব্যবহার করেন, তাহলে ফেসবুক অ্যাপ ওপেন করুন এবং More বাটনে চাপুন, যা ড্রিনে নিচে ডান প্রান্তে রয়েছে। এবার Settings সিলেক্ট করে Account Settings-এ ট্যাব করুন।

* এবার Timeline and Tagging সিলেক্ট করে Review Posts Friends Tag You in Before They Appear on Your Timeline? অপশন বেছে নিন।

* ফেসবুক এবং অ্যান্ড্রয়েডে ট্রাইডারকে On পজিশনে মুভ করান বা Enabled-এ ক্লিক করুন যদি আপনি ডেস্কটপ মেশিনে থাকেন।

০৫. স্বস্ত্র পোস্ট এবং গ্রুপ মেসেজের জন্য সাইলেন্স নোটিফিকেশন : কিছু কিছু বিষয় আছে, যেগুলো আপনার কোনো এক বন্ধুর পোস্ট করা মন্তব্যের চেয়ে অনেক বেশি বিরক্তিকর। এগুলো হচ্ছে প্রতিনিয়তই রিসিভ করা অসংখ্য নোটিফিকেশনেরই অংশ। তবে এসব নোটিফিকেশন দূর করার উপায়ও রয়েছে। এজন্য নিচে বর্ণিত ধাপগুলো অনুসরণ করুন।

* ফেসবুক ওপেন করুন এবং বিরক্তিকর পোস্টে নেভিগেট করুন।

* পোস্টের ওপরে ডান প্রান্তের arrow সিলেক্ট করুন এবং Turn Off Notifications for this post-এ ট্যাব করুন

ফিডব্যাক : siam.moazzem@gmail.com